গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
প্রতিষ্ঠান ব্যবস্থাপনা শাখা

নং-৫৩.০০২.০১২.০০.০০.০০৪.২০১০/২০০ তারিখঃ ০৪-০৫-২০১১

বিষয়ঃ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের কর্মকর্তা/কর্মচারীদের পদোন্নতি নীতিমালা ।

সূত্রঃ প্রকা/কব্যবি-৫/২০১০-২০১১/২৫২৯(১) তাং ০১-১১-২০১০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত রাজশাহী কৃষি উন্নয়ন কর্মকর্তা/কর্মচারীদের পদোন্নতি নীতিমালা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হল।

৪/৫/২০১১
(মোহাম্মদ রফিকুল করিম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৬১১০৯

ব্যবস্থাপনা পরিচালক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক
প্রধান কার্যালয়, কাজীহাটা, রাজশাহী।

Letter-RAKAB

# রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের পদোন্নতি নীতিমালা

**১. পদোন্নতি নীতিমালার সাধারণ শর্তাবলী ঃ**

১.১ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক কর্মকর্তা-কর্মচারী চাকুরী প্রবিধানমালার অনুচ্ছেদ ২(ছ)-এ উল্লিখিত তফসিলে বর্ণিত পদসমূহের মধ্যে বর্তমান পদোন্নতি নীতিমালা সীমাবদ্ধ থাকবে;

১.২ প্রতি বছর ৩০ জুন ও ৩১ ডিসেম্বর পদোন্নতির ভিত্তিকাল হিসেবে গণ্য হবে। ৩১ ডিসেম্বর ভিত্তিকালে পদোন্নতির ক্ষেত্রে ৩০ জুন ভিত্তিক বার্ষিক গোপনীয় প্রতিবেদন অনুযায়ী পদোন্নতি বিবেচনা করতে হবে। তবে কোন কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে কোন অনিয়ম/অভিযোগ আছে কিনা সে বিষয়ে সর্বশেষ তথ্য সংগ্রহ করে পদোন্নতি বিবেচনা করতে হবে;

১.৩ কর্মী ব্যবস্থাপনা বিভাগ প্রতি বছর ৩০ জুন ও ৩১ ডিসেম্বর-এর মধ্যে বিভিন্ন গ্রেডে পদোন্নতিযোগ্য শূন্য পদ (যদি থাকে)-এর তালিকা প্রস্তুত করে পদোন্নতির প্রস্তাব, তথ্য ও আনুষঙ্গিক কর্ম-পরিকল্পনা ব্যাংক ব্যবস্থাপনার নিকট উপস্থাপন করবে;

১.৪ ব্যাংক-এর সংশ্লিষ্ট পদোন্নতি কমিটির সুপারিশ ব্যতীত কোন পদে পদোন্নতি প্রদান করা যাবে না, অধিকন্তু কমিটির সুপারিশ সংশ্লিষ্ট অনুমোদনকারী কর্তৃপক্ষ কর্তৃকও অনুমোদিত হতে হবে;

১.৫ বার্ষিক গোপনীয় প্রতিবেদন সংগ্রহ ও সংরক্ষণ সংক্রান্ত আনুষ্ঠানিকতা সম্পন্ন করার বিষয়টি কর্মী ব্যবস্থাপনা বিভাগ যথাযসময়ে নিশ্চিত করবে;

১.৬ কোন কর্মকর্তা-কর্মচারীকে উচ্চতর পদে পদোন্নতির জন্য ফিডার পদে ন্যূনতম ৩(তিন) বছর চাকুরীকাল পূরণসহ স্থায়ী হতে হবে, তবে যেক্ষেত্রে রাকাব কর্মকর্তা-কর্মচারী চাকুরী প্রবিধানমালার তফসিলের ৫নং কলামে অন্যরূপ শর্ত বর্ণিত রয়েছে সেক্ষেত্রে তাই প্রযোজ্য হবে;

১.৭ সাময়িকভাবে বরখাস্তকৃত কোন কর্মকর্তা-কর্মচারীর পদোন্নতি বিবেচনা করা যাবেনা;

১.৮ কোন কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে চার্জশীট থাকাকালে কমিটি তাকে পদোন্নতির জন্য বিবেচনা করতে পারবে, তবে তার নাম সুপারিশ করা হলে উক্ত চার্জশীটের ফলাফল চূড়ান্ত না হওয়া পর্যন্ত উক্ত সুপারিশের ভিত্তিতে তাকে পদোন্নতি প্রদান করা যাবে না;

১.৯ শাস্তি আরোপিত থাকলে শাস্তির মেয়াদকাল নিম্নলিখিতভাবে হিসাব করতে হবেঃ

| | | |
|---|---|---|
| ক) তিরস্কার/ ৭(সাত) দিনের মূল বেতনের সমপরিমাণ টাকা কর্তন | ঃ | শাস্তির পত্র ইস্যুর তারিখ হতে ৬ (ছয়) মাস সময়ের মধ্যে পদোন্নতি দেয়া যাবে না। |
| খ) অন্য কোন প্রকার লঘুদণ্ড প্রদান করা হলে | ঃ | শাস্তির মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত পদোন্নতি দেয়া যাবে না। |
| গ) গুরুদণ্ড প্রদান করা হলে | ঃ | শাস্তির পত্র ইস্যুর তারিখ থেকে ৩ বছর পর পদোন্নতির যোগ্য হবে। তবে<br>(১) প্রবিধানমালার ৩৯(খ) (অ) এ বর্ণিত গুরুদণ্ডের ক্ষেত্রে শাস্তির মেয়াদ ৩ বছরের উর্দ্ধে হলে মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত এবং<br>(২) প্রবিধানমালার ৩৯(খ)(আ) এ বর্ণিত গুরুদণ্ডের ক্ষেত্রে আদায়যোগ্য অর্থ আদায় না হলে ৫(পাঁচ) বছর পর্যন্ত পদোন্নতি দেয়া যাবে না। |

**২. পদোন্নতির ক্ষেত্রে অনুসরণীয় বিধানাবলী**

২.১ কমিটি গঠন ও কমিটির সভা:-

ক) পদোন্নতির জন্য বাছাই ও সুপারিশকারী বিভিন্ন কমিটি গঠনের বিষয়ে ব্যাংক-এর প্রধান কার্যালয় থেকে পৃথক পৃথক অফিস আদেশ জারি করতে হবে;

খ) পদোন্নতির এ নীতিমালা অনুসারে কার্যক্রম গ্রহণকালে কমিটিতে অন্তর্ভূক্ত নয় এমন কর্মকর্তাকে বা অন্য কোন বিশেষজ্ঞকে প্রয়োজনবোধে পদোন্নতি অনুমোদনকারী কর্তৃপক্ষ কমিটিতে অন্তর্ভূক্ত করতে পারবেন; এবং

গ) বছরের যে কোন সময় কমিটি প্রয়োজনীয় সংখ্যক সভা আহবান করতে পারবেন।

চলমান পাতা/২

২.২ বেস মার্ক:-

'বেস মার্ক' বলতে পদোন্নতির জন্য নির্ধারিত পাস নম্বর হতে সাক্ষাৎকারের জন্য নির্ধারিত নম্বর বাদ দিলে যে নম্বর পাওয়া যাবে তাকে বুঝাবে। কর্মকর্তা-কর্মচারীগণের বিভিন্ন গ্রেডে/পদে পদোন্নতি প্রদানের জন্য 'বেস মার্ক' হবে নিম্নরূপ ঃ

| ফিডার পদ | পদোন্নতিযোগ্য পদ | বেস মার্ক |
|---|---|---|
| সহকারী মহাব্যবস্থাপক ও সমমান | উপ-মহাব্যবস্থাপক | ৬৬ |
| উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা ও সমমান | সহকারী মহাব্যবস্থাপক ও সমমান | ৬৬ |
| মুখ্য কর্মকর্তা ও সমমান | উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা ও সমমান | ৬৬ |
| উর্ধ্বতন কর্মকর্তা ও সমমান | মুখ্য কর্মকর্তা ও সমমান | ৬২ |
| কর্মকর্তা ও সমমান | উর্ধ্বতন কর্মকর্তা ও সমমান | ৬০ |
| কম্পিউটার অপারেটর এবং সুপারভাইজার ও সমমান | কর্মকর্তা ও সমমান | ৬০ |

২.৩ পদোন্নতিযোগ্য প্রার্থী সংখ্যা নির্ধারণ:-

উচ্চতর পদে পদোন্নতি বিবেচনাকালে ফিডার পদে ৩(তিন) বছর চাকুরীকাল পূরণ হয়েছে এমন কর্মকর্তা-কর্মচারীদের মধ্য হতে জ্যৈষ্ঠতার ভিত্তিতে পদোন্নতিযোগ্য শূন্য পদের ১ঃ৩ হারে বিবেচনা করতে হবে। তবে ১ঃ৩ হারে বিবেচনার পর পদোন্নতিযোগ্য শূন্য পদ পূরণের জন্য প্রয়োজনীয় সংখ্যক যোগ্য কর্মকর্তা-কর্মচারী পাওয়া না গেলে সেক্ষেত্রে পদোন্নতি বিবেচনাযোগ্য পরবর্তী জ্যেষ্ঠ কর্মকর্তা-কর্মচারীদের মধ্য হতে পুনরায় ১ঃ৩ হারে পদোন্নতির জন্য বিবেচনা করতে হবে।

২.৪ পদোন্নতিযোগ্য প্রার্থীদের তালিকা প্রণয়ন:-

পদোন্নতি সুপারিশকারী কমিটি সাক্ষাৎকারোত্তর পদোন্নতির জন্য পাস নম্বর প্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের জ্যেষ্ঠতার ভিত্তিতে একটি তালিকা প্রণয়ন করবে এবং অনধিক ৭(সাত) দিনের মধ্যে পদোন্নতি অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট পেশ করবে। এইরূপ তালিকায় পদোন্নতি সুপারিশকারী কমিটির চেয়ারম্যানসহ সকল সদস্য স্বাক্ষর করবেন।

২.৫ পদোন্নতিযোগ্য প্রার্থীর তালিকা পুনর্বিবেচনা :-

পদোন্নতি অনুমোদনকারী কর্তৃপক্ষ পদোন্নতিযোগ্য প্রার্থীদের তালিকা প্রাপ্তির পর এতে কোন ভুল-ত্রুটি থাকলে বা এর কোন বিষয় পুনর্বিবেচনার প্রয়োজন আছে বলে মনে করলে উক্ত ভুল-ত্রুটি সুনির্দিষ্টভাবে উল্লেখপূর্বক সংশোধন বা উক্ত বিষয়ে পুনর্বিবেচনার জন্য পদোন্নতি সুপারিশকারী কমিটির নিকট তালিকাটি প্রেরণ করতে পারবে; অতঃপর কমিটি যথাযথ মনে করলে উক্ত ত্রুটি সংশোধন বা উক্ত বিষয় অনধিক ১৫(পনের) দিনের মধ্যে পুনর্বিবেচনা করে অনুমোদনকারী কর্তৃপক্ষের বরাবরে প্রেরণ করবে।

২.৬ সাক্ষাৎকার:-

ক) পদোন্নতি সুপারিশকারী কমিটি প্রার্থীর যোগ্যতা যাচাইয়ের জন্য সাক্ষাৎকার গ্রহণকালে সততা, যোগ্যতা, অভিজ্ঞতা, ব্যাংকিং বিষয়ে জ্ঞান ও বিশেষ স্বীকৃত অবদান (যেমন- শ্রেণীকৃত ঋণ আদায়, ব্যাংক-এর উন্নয়নে ব্যক্তিগত উদ্যোগ, ব্যাংক-এর ক্ষ অধিকতর কল্যাণ ও লাভজনক পদ্ধতি উদ্ভাবন) ইত্যাদি বিষয়সহ প্রয়োজনীয় সকল দিক বিবেচনা করে নম্বর প্রদান করবে;

খ) যে সকল গ্রেডের কর্মকর্তা-কর্মচারীগণের পদোন্নতির জন্য সাক্ষাৎকারের বিধান রয়েছে সেক্ষেত্রে বেস মার্ক প্রাপ্ত না হলে উ কর্মকর্তা-কর্মচারী সাক্ষাৎকারের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না; অপরদিকে যাদেরকে সাক্ষাৎকার দেয়ার জন্য ডাকা হ তাদের মধ্যে কেউ নির্ধারিত দিন সাক্ষাৎকার বোর্ডে উপস্থিত না হলে তাকে পদোন্নতিযোগ্য বলে বিবেচনা করা হবে না। ত সাক্ষাৎকার বোর্ড চলাকালীন সময়ে প্রার্থী উপস্থিত হয়ে উপযুক্ত কারণ প্রদর্শন করলে সাক্ষাতকার বোর্ডের সন্তুষ্টি সাপেক্ষে তাকে পদোন্নতির জন্য বিবেচনা করা যাবে।

**২.৭ শাখায় কাজের অভিজ্ঞতা:-**

ক) কর্মকর্তা হতে উর্ধ্বতন কর্মকর্তা এবং উর্ধ্বতন কর্মকর্তা হতে মুখ্য কর্মকর্তা পদে পদোন্নতির জন্য ব্যাংক-এর কোন শাখায় বা মাঠ পর্যায়ে ন্যূনতম ২(দুই) বছরের এবং মুখ্য কর্মকর্তা হতে উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা পদে পদোন্নতির জন্য শাখা ব্যবস্থাপক হিসাবে ন্যূনতম ২(দুই) বছরের অভিজ্ঞতা আছে কিনা তার তথ্য সংগ্রহ করতে হবে ;

খ) কোন কারণে কোন কর্মকর্তার অনুচ্ছেদ ২.৭(ক)-তে বর্ণিত অভিজ্ঞতা না থাকলে এবং উক্ত কর্মকর্তার নাম পদোন্নতির জন্য সুপারিশ করা হলে, কমিটি তাকে পদোন্নতি দিয়ে শাখা বা মাঠ পর্যায়ে বদলীর সুপারিশ করবে এবং পদোন্নতি অনুমোদনকারী কর্তৃপক্ষ পদোন্নতি প্রদানের সময় উক্ত সুপারিশ বাস্তবায়ন করবে।

**২.৮ অতিক্রান্ত কর্মকর্তা-কর্মচারী সংক্রান্ত বিধান:-**

কোন কর্মকর্তা-কর্মচারী পদোন্নতি সুপারিশকারী কমিটির সুপারিশকৃত তালিকায় অন্তর্ভুক্ত না হওয়ার ফলে পদোন্নতির ক্ষেত্রে অতিক্রান্ত হলে তার অতিক্রান্ত হওয়ার কারণসহ বিষয়টি তার ব্যক্তিগত নথিতে লিপিবদ্ধ করতে হবে। তবে এইরূপ কর্মকর্তা-কর্মচারীকে তার পরবর্তী বার্ষিক গোপনীয় প্রতিবেদন এবং অন্যান্য সংশ্লিষ্ট বিষয় ও কার্যক্রমের ভিত্তিতে পদোন্নতির জন্য পুনর্বিবেচনা করতে কোন বাধা থাকবে না।

**২.৯ যোগ্যতা যাচাই পদ্ধতি:-**

কর্মকর্তা-কর্মচারীগণের বিভিন্ন পদে পদোন্নতি প্রদানের জন্য যোগ্যতা যাচাইয়ের উদ্দেশ্যে সর্বোচ্চ যোগ্যতাসূচক মানের বন্টন হবে নিম্নরূপ ঃ

| বিষয় | উপ-মহাব্যবস্থাপক ও সহকারী মহাব্যবস্থাপক পদে পদোন্নতির ক্ষেত্রে | কর্মকর্তা হতে উর্ধ্বতন কর্মকর্তা, উর্ধ্বতন কর্মকর্তা হতে মুখ্য কর্মকর্তা ও মুখ্য কর্মকর্তা হতে উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা পদে পদোন্নতির ক্ষেত্রে | কম্পিউটার অপারেটর এবং সুপারভাইজার ও সমমান পদে পদোন্নতির ক্ষেত্রে |
|---|---|---|---|
| (১) বার্ষিক গোপনীয় প্রতিবেদন | ৫০ | ৫০ | ৬০ |
| ২) শিক্ষাগত যোগ্যতা<br>১। মাস্টার্স ১৫ নম্বর<br>২। গ্রাজুয়েশন (সম্মান) ১৪ নম্বর<br>৩। গ্রাজুয়েশন (পাসকোর্স) ১২ নম্বর<br>৪। এইচ এস সি/সমমান ১০ নম্বর<br>৫। এস এস সি/সমমান ০৮ নম্বর | ১৫ | ১৫ | ১৫ |
| **ব্যাংকিং ডিপ্লোমা**<br>১ম পর্ব-০২<br>চূড়ান্ত ১ম ও ২য় পর্ব-০৫ | ৫ | ৫ | ৫ |
| ৩) চাকুরীকাল | ১০ | ১০ | ১০ |
| ৪) মাঠ পর্যায়ের অভিজ্ঞতা/টেকনিক্যাল কাজে বিশেষ দক্ষতা | ৫ | ৫ | ৫ |
| ৫) সাক্ষাতকার | ১৫ | ১৫ | - |
| ৬) পদোন্নতি কমিটির বিবেচ্য (সন্তোষজনক চাকুরীকাল) | - | - | ৫ |

**২.১০ বার্ষিক গোপনীয় প্রতিবেদন মূল্যায়ন পদ্ধতি:-**

কর্মকর্তা-কর্মচারীগণের বিভিন্ন পদে পদোন্নতি প্রদানের জন্য বার্ষিক গোপনীয় প্রতিবেদনের মূল্যায়ন হবে নিম্নরূপ ঃ

| প্রতিবেদনের মান | প্রথম শ্রেণীর কর্মকর্তার ক্ষেত্রে | দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তার ক্ষেত্রে | তৃতীয় শ্রেণীর কর্মচারীর ক্ষেত্রে |
|---|---|---|---|
| অতি উত্তম | ১০ | ১০ | ১২ |
| উত্তম | ০৮ | ০৮ | ১০ |
| ভাল | ০৬ | ০৬ | ০৮ |
| মোটামুটি | ০৪ | ০৪ | ০৫ |
| খারাপ | ০০ | ০০ | ০০ |

চলমান পাতা/৪

সরাসরি নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীগণের ক্ষেত্রে পদোন্নতি বিবেচনাকালে যদি তাদের চাকুরীকাল ৫(পাঁচ) বছর পূর্ণ না হয় সেক্ষেত্রে তাদের ৩(তিন) বছর বা তদুর্ধ কিন্তু ৫ (পাঁচ) বছরের কম সময়ের বার্ষিক গোপনীয় প্রতিবেদনে প্রাপ্ত গড় নম্বরের ভিত্তিতে পাঁচ বছরের পূর্ণ নম্বর বিবেচনা করতে হবে।

**২.১১ চাকুরীকাল মূল্যায়ন (চাকুরীর মেয়াদ):-**

চাকুরীকাল মুল্যায়নের ক্ষেত্রে একই পদে প্রতি পূর্ণ বছরের জন্য ২.০০ নম্বর, ৬(ছয়) মাস পর্যন্ত ১.০০ নম্বর, ৬(ছয়) মাসের উর্ধ্বে কিন্তু ১(এক) বছরের কম সময়ের জন্য ১.৫০ নম্বর ঃ সর্বোচ্চ ১০.০০ নম্বর হবে।

**২.১২ মাঠ পর্যায়ের অভিজ্ঞতা/টেকনিক্যাল কাজে বিশেষ দক্ষতা:-**

ক) ব্যাংক-এর শাখা, জোনাল নিরীক্ষা কার্যালয় এবং জোনাল ব্যবস্থাপক পর্যায়ের কাজের সময়কাল 'মাঠ পর্যায়ের অভিজ্ঞতা' হিসাবে গণ্য হবে;

খ) মাঠ পর্যায়ের অভিজ্ঞতার ক্ষেত্রে কোন কর্মকর্তা-কর্মচারীর পদোন্নতির ভিত্তিকাল হতে বিগত ৫ বছরের মধ্যে মাঠ পর্যায়ে প্রতি পূর্ণ বছর কাজের অভিজ্ঞতার জন্য ১.০০ নম্বর এবং অপূর্ণ বছরের ক্ষেত্রে ০৬ (ছয়) মাস পর্যন্ত ০.৫০ নম্বর এবং ০৬ (ছয়) মাসের উর্ধ্বে কিন্তু ১২ মাসের কম সময়ের জন্য ০.৭৫ নম্বর প্রাপ্য হবেন তবে প্রাপ্ত নম্বর ৫.০০ এর অধিক হবে না ;

গ) অপরদিকে ব্যাংক-এর যে সকল কর্মকর্তা-কর্মচারী টেকনিক্যাল (যথা-আইন কর্মকর্তা, চার্টার্ড এ্যাকাউন্টেন্ট, বৈদেশিক বাণিজ্য কর্মকর্তা, সিস্টেম এ্যানালিষ্ট, প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, কম্পিউটার অপারেটর, ডাটা এন্ট্রি অপারেটর ইত্যাদি) পদে নিয়োজিত থেকে দায়িত্ব পালন করছেন এবং যাদের ক্ষেত্রে মাঠ পর্যায়ে কর্মরত থাকার বিষয়টি প্রযোজ্য নয় তারা 'মাঠ পর্যায়ের অভিজ্ঞতা' বিষয়ে নির্ধারিত ৫.০০ নম্বরের পরিবর্তে টেকনিক্যাল কাজে বিশেষ দক্ষতার জন্য ৫.০০ নম্বর প্রাপ্য হবেন। পদোন্নতির ভিত্তিকাল হতে বিগত ৫ বছরের মধ্যে প্রতি পূর্ণ বছরের জন্য ১.০০ নম্বর এবং অপূর্ণ বছরের ক্ষেত্রে ০৬ (ছয়) মাস পর্যন্ত ০.৫০ নম্বর এবং ০৬ (ছয়) মাসের উর্ধ্বে কিন্তু ১২ (বার) মাসের কম সময়ের জন্য ০.৭৫ নম্বর প্রাপ্য হবেন তবে প্রাপ্ত নম্বর ৫.০০ এর অধিক হবে না ;

**২.১৩ বিভিন্ন গ্রেডে/পদে পদোন্নতির জন্য নির্ধারিত পাস নম্বর:-**

ক) কর্মকর্তা-কর্মচারীগণের বিভিন্ন গ্রেডে/পদে পদোন্নতি প্রদানের জন্য পাস নম্বর হবে নিম্নরূপ ঃ

| ফিডার পদ | পদোন্নতিযোগ্য পদ | পাস নম্বর |
|---|---|---|
| সহকারী মহাব্যবস্থাপক ও সমমান | উপ-মহাব্যবস্থাপক | ৮১ |
| উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা ও সমমান | সহকারী মহাব্যবস্থাপক ও সমমান | ৮১ |
| মুখ্য কর্মকর্তা ও সমমান | উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা ও সমমান | ৮১ |
| উর্ধ্বতন কর্মকর্তা ও সমমান | মুখ্য কর্মকর্তা ও সমমান | ৭৭ |
| কর্মকর্তা ও সমমান | উর্ধ্বতন কর্মকর্তা ও সমমান | ৭৫ |
| কম্পিউটার অপারেটর এবং সুপারভাইজার ও সমমান | কর্মকর্তা ও সমমান | ৭৫ |
| ডাটা এন্ট্রি অপারেটর এবং নিম্নমান সহকারী ও সমমান | কম্পিউটার অপারেটর এবং সুপারভাইজার ও সমমান | ৬০ |

খ) পদোন্নতি বিবেচনার লক্ষ্যে সাক্ষাৎকারের জন্য নির্ধারিত নম্বরের কমপক্ষে শতকরা ৪০ ভাগ নম্বর পেতে হবে।

চলমান পাতা/৫

### ৩. বাছাই কমিটি

৩.১

বিভিন্ন পদে পদোন্নতির জন্য বিভাগীয় বাছাই কমিটি হবে নিম্নরূপঃ-

| ফিডার পদ | পদোন্নতির জন্য বিবেচ্য পদ | বাছাই কমিটি |
|---|---|---|
| সহকারী মহাব্যবস্থাপক ও সমমান | উপ-মহাব্যবস্থাপক | (১) মহাব্যবস্থাপক (প্রশাসন) প্রধান কার্যালয়, রাজশাহী - চেয়ারম্যান |
| উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা ও সমমান | সহকারী মহাব্যবস্থাপক ও সমমান | (২) মহাব্যবস্থাপক বিভাগীয় কার্যালয়, রাজশাহী - সদস্য |
| মুখ্য কর্মকর্তা ও সমমান | উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা ও সমমান | (৩) উপ- মহাব্যবস্থাপক নিরীক্ষা ও পরিদর্শন বিভাগ - সদস্য |
| উর্ধ্বতন কর্মকর্তা ও সমমান | মুখ্য কর্মকর্তা ও সমমান | (৪) উপ- মহাব্যবস্থাপক মানব সম্পদ উন্নয়ন বিভাগ - সদস্য |
| কর্মকর্তা ও সমমান এবং কম্পিউটার অপারেটর/ সুপারভাইজার ও সমমান। | উর্ধ্বতন কর্মকর্তা ও সমমান এবং কর্মকর্তা ও সমমান। | (৫) উপ- মহাব্যবস্থাপক কর্মী ব্যবস্থাপনা বিভাগ - সদস্য-সচিব |

### ৩.২ বাছাই কমিটির কার্যাবলীঃ-

নীতিমালার আলোকে পদোন্নতির ক্ষেত্রে সাক্ষাৎকার গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণের বার্ষিক গোপনীয় প্রতিবেদন, শিক্ষাগত যোগ্যতা ও ব্যাংকিং ডিপ্লোমা, চাকুরীকাল, মাঠ পর্যায়ের অভিজ্ঞতা, টেকনিক্যাল কাজে বিশেষ দক্ষতা, শৃঙ্খলাজনিত মোকদ্দমা ও তদ্‌সংশ্লিষ্ট তথ্যাদি ইত্যাদি যাচাই-বাছাইপূর্বক নম্বর প্রদানসহ আনুষঙ্গিক কার্যাদি সম্পাদন।

৪. পদোন্নতির আওতাধীন ফিডার পদসমূহ, বিবেচ্য পদসমূহ, সুপারিশকারী কমিটি ও অনুমোদনকারী কর্তৃপক্ষ

| ফিডার পদ | পদোন্নতির জন্য বিবেচ্য পদ | সাক্ষাতকার ও সুপারিশকারী কমিটি | | অনুমোদনকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| সহকারী মহাব্যবস্থাপক ও সমমান এবং উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা ও সমমান | উপ-মহাব্যবস্থাপক এবং সহকারী মহাব্যবস্থাপক ও | **১ নং পদোন্নতি কমিটি ঃ** | | ব্যবস্থাপনা পরিচালক |
| | | ব্যবস্থাপনা পরিচালক | চেয়ারম্যান | |
| | | ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের উপযুক্ত প্রতিনিধি | সদস্য | |
| | | উপ-ব্যবস্থাপনা পরিচালক | সদস্য | |
| | | সকল মহাব্যবস্থাপক | সদস্য | |
| | | বাংলাদেশ ব্যাংক-এর একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য | |
| | | উপ-মহাব্যবস্থাপক কর্মী ব্যবস্থাপনা বিভাগ | সদস্য-সচিব | |
| মুখ্য কর্মকর্তা ও সমমান | উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা ও সমমান | **২ নং পদোন্নতি কমিটি ঃ** | | ব্যবস্থাপনা পরিচালক |
| | | ব্যবস্থাপনা পরিচালক | চেয়ারম্যান | |
| | | ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের উপযুক্ত প্রতিনিধি | সদস্য | |
| | | উপ-ব্যবস্থাপনা পরিচালক | সদস্য | |
| | | সকল মহাব্যবস্থাপক | সদস্য | |
| | | উপ-মহাব্যবস্থাপক কর্মী ব্যবস্থাপনা বিভাগ | সদস্য-সচিব | |

চলমান পাতা/৬

| ফিডার পদ | পদোন্নতির জন্য বিবেচ্য পদ | সাক্ষাতকার ও সুপারিশকারী কমিটি | | অনুমোদনকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| উর্ধ্বতন কর্মকর্তা ও সমমান; কর্মকর্তা ও সমমান এবং কম্পিউটার অপারেটর/ সুপারভাইজার ও সমমান | মুখ্য কর্মকর্তা ও সমমান; উর্ধ্বতন কর্মকর্তা ও সমমান এবং কর্মকর্তা ও সমমান | **৩ নং পদোন্নতি কমিটি ঃ** | | ব্যবস্থাপনা পরিচালক |
| | | উপ-ব্যবস্থাপনা পরিচালক/ জ্যেষ্ঠতম মহাব্যবস্থাপক | চেয়ারম্যান | |
| | | সকল মহাব্যবস্থাপক | সদস্য | |
| | | সচিব, পর্ষদ সচিবালয় | সদস্য | |
| | | উপ-মহাব্যবস্থাপক কর্মী ব্যবস্থাপনা বিভাগ | সদস্য-সচিব | |
| ডাটা এন্ট্রি অপারেটর/ নিম্নমান সহকারী ও সমমান | কম্পিউটার অপারেটর এবং সুপারভাইজার ও সমমান | **৪ নং পদোন্নতি কমিটি ঃ** | | ব্যবস্থাপনা পরিচালক |
| | | জ্যেষ্ঠতম মহাব্যবস্থাপক | চেয়ারম্যান | |
| | | উপ-মহাব্যবস্থাপক নিরীক্ষা ও পরিদর্শন বিভাগ | সদস্য | |
| | | উপমহাব্যবস্থাপক ঋণ ও অগ্রিম বিভাগ-১ | সদস্য | |
| | | উপ-মহাব্যবস্থাপক কর্মী ব্যবস্থাপনা বিভাগ | সদস্য-সচিব | |

**কোরাম ঃ সংশ্লিষ্ট কমিটির চেয়ারম্যানসহ তিনজন সদস্য উপস্থিত থাকলে কোরাম পূর্ণ হিসেবে বিবেচিত হবে।**